বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

ক্রেডিট বিভাগ-১

সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-১/৯(৪১)/২০১৭-১৮/২২১(১২৫০)

তারিখঃ ১৬/০৭/১৪২৪ বং / ৩১/১০/২০১৭ খ্রিঃ

বিষয়ঃ **নির্ধারিত সময়ের মধ্যে চলতি মূলধন/নগদ ঋণ নবায়ন/বর্ধিতকরণ প্রস্তাব প্রেরণ প্রসঙ্গে।**

শিরোনামে বর্ণিত বিষয়ে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-১৬/২০০০ তারিখ ১৫/০৩/২০০০, ঋণ ও অগ্রিম বিভাগের পত্র নং-প্রকা/ঋঃঅঃ-১/১(১৩)/২০১১-১২/৪৭২ তারিখ ০৬/০২/২০১২, পত্র নং-প্রকা/ঋঃঅঃ-১/১(১৩)/২০১২-১৩/৫১৬ তারিখ ২৩/০১/২০১৩, পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৪/২০১৩ তারিখ ২৯/০৫/২০১৩, সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-১/৯(৪১)/২০১৫-১৬/৩৩৫(১২৫০) তারিখ ১১/১০/২০১৫ এবং সার্কুলার লেটার নং-প্রকা/ক্রেঃবিঃ-১(বিবিধ)/৯(৩২)/২০১৬-১৭/৩০৯(১২৫০) তারিখ ২৯/১১/২০১৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লেখিত পরিপত্র/পত্রসমূহে চলতি মূলধন/নগদ ঋণসমূহের নবায়ন/বর্ধিতকরণ প্রস্তাব ভোগকৃত ঋণের মেয়াদ সমাপ্তির ০২(দুই) মাস পূর্বে গ্রহণ করার নির্দেশনা দেয়া আছে। কিন্তু অধিকাংশ ক্ষেত্রে নবায়ন প্রস্তাব সংশ্লিষ্ট ঋণটির মেয়াদ পূর্তির দীর্ঘ সময় পরে মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়ে থাকে। যা উপরোক্ত নির্দেশনার পরিপন্থী। পর্ষদ সভার সিদ্ধান্ত মোতাবেক উপর্যুক্ত বিষয়ে পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৪/২০১৩ তারিখ ২৯/০৫/২০১৩ জারী করা হয়েছিল যা যথাযথভাবে পরিপালিত হচ্ছে না। সম্প্রতি এ ধরণের নবায়ন/বর্ধিতকরণ প্রস্তাব পরিচালনা পর্ষদে উপস্থাপন করা হলে তীব্র অসন্তোষ প্রকাশ করা হয়। ঋণ প্রস্তাব বিলম্বে প্রক্রিয়াকরণকারী কার্যালয়সমূহকে জবাবদিহিতার আওতায় আনতে পর্ষদ কর্তৃক সদয় নির্দেশ প্রদান করা হয়।

০৩। উপর্যুক্ত অবস্থায় পর্ষদের সিদ্ধান্ত মোতাবেক ঋণ প্রস্তাবসমূহ প্রক্রিয়াকরণের বিষয়ে নিম্নবর্ণিত নির্দেশনা জারী করা হলোঃ

**মেয়াদ শেষ হওয়ার ০২(দুই) মাস পূর্বেই উদ্যোক্তার নিকট থেকে প্রয়োজনীয় সকল কাগজপত্রাদিসহ ঋণ নবায়নের/বর্ধিতকরণের আবেদন সংগ্রহ করতে হবে এবং সকল পর্যায়ে নির্ধারিত সময়ের মধ্যে প্রক্রিয়াকরণ সম্পন্ন করে মেয়াদ পূর্তির পূর্বেই পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং-০৭/২০১৩ তারিখ ০৭/০৭/২০১৩ এর নির্দেশনা মোতাবেক নির্দিষ্ট সময়সীমার মধ্যে মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট প্রেরণ নিশ্চিত করতে হবে**।

০৪। **উক্ত নির্দেশ পারিপালনে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করে ঋণ প্রস্তাব পর্ষদে উপস্থাপনের সদয় নির্দেশনা প্রদান করা হয়েছে।**

অনুমোদনক্রমে,

৩১/১০/২০১৭

(ঠাকুর দাস কুন্ড)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
ফোনঃ ৯৫৭৪৭৩৭

নং-প্রকা/ক্রেঃবিঃ-১/৯(৪১)/২০১৭-১৮/২২১(১২৫০)

তারিখঃ - ঐ -

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়/বিভাগীয় কার্যালয়সমূহ।
৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। **নির্ধারিত সময়ের মধ্যে চলতি মূলধন/নগদ ঋণ নবায়ন/বর্ধিতকরণ প্রস্তাব প্রেরণ প্রসংগে সার্কুলার লেটারটি ব্যাংকের ওয়েব সাইটে প্রদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।**
৬। অধ্যক্ষ, বাংলাদেশ কৃষি ব্যাংক ট্রেনিং ইনস্টিটিউট, মিরপুর, ঢাকা।
৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
৮। উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা/আগ্রাবাদ/চট্টগ্রাম/কাওরান বাজার/খুলনা/সিলেট/বনানী/নারায়নগঞ্জ কর্পোরেট শাখাসমূহ।
৯। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
১০। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
১১। সকল শাখা ব্যবস্থাপক, (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে) বাংলাদেশ কৃষি ব্যাংক।
১২। নথি / মহানথি।

৩১.১০.২০১৭

(নিতাই চন্দ্র রায়)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫০৪০৩